

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
স্পেশাল ব্রাঞ্চ, রাজারবাগ ঢাকা।

এসবি আদেশ নং- ৯২১৭, তারিখ- ১৬/০৩/২০২৬খ্রিঃ।

স্পেশাল ব্রাঞ্চ, ঢাকার ভিআর শাখায় কর্মরত পুলিশ পরিদর্শক জনাব মোঃ আনোয়ার হোসেন (বিপি-৬৭৯১০১০৪৩০, এনআইডি-১৯৬৭২৬৯২৮৪৮০৪৬৮৯৪) এর চাকুরির খতিয়ান বহির ১ম পাতায় জন্ম তারিখ ০১/০৫/১৯৬৭খ্রিঃ তারিখ লিপিবদ্ধ রয়েছে এবং তিনি গত ০১/০৮/১৯৯১খ্রিঃ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে নিয়োগপ্রাপ্ত হন। তার জন্ম তারিখের উপর ভিত্তি করে সরকারি চাকুরির বিধি অনুযায়ী আগামী ৩০/০৪/২০২৬খ্রিঃ তারিখ তার বয়স ৫৯ বছর পূর্ণ হবে অর্থাৎ চাকুরির মেয়াদ শেষ হবে। তার বয়স ৫৯ বছর পূর্তিতে আগামী ০১/০৫/২০২৬খ্রিঃ তারিখ হতে বার্ষিক্যজনিত অবসর গ্রহণের নিমিত্ত তাকে অবসরোত্তর ছুটি (পিআরএল) গমন করতে হবে। বার্ষিক্যজনিত অবসর গ্রহণের ক্ষেত্রে তিনি অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগ করবেন কিনা ইহা জানার জন্য অত্রাফিস স্মারক নং-৬৪৬, আরও (পেনশন) তারিখ-২৫/০১/২০২৬খ্রিঃ মূলে নোটিশ প্রদান করা হয়। উক্ত নোটিশের প্রেক্ষিতে তিনি ০১ (এক) বছর গড় বেতনে অবসরোত্তর ছুটি (পিআরএল) চেয়ে গত ১৯/০২/২০২৬খ্রিঃ তারিখ আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে ১২ (বার) মাস গড়বেতনে অবসরোত্তর ছুটিসহ ১৮ (আঠার) মাসের মূলবেতনের সমপরিমান অর্থ প্রদানের বিপরীতে ছুটি পাওনা আছে কিনা ইহা জানার জন্য অত্রাফিস স্মারক নং-১৩২৯, তারিখ-০৩/০৩/২০২৬খ্রিঃ মূলে চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকায় পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে এজিবি ঢাকার স্মারক নং-৩৮২, তারিখ ০৫/০৩/২০২৬খ্রিঃ মূলে তার ০২ বছর ০৪ মাস ০৩ দিন গড় বেতনে এবং ০২ বছর ১০ মাস ০৯ দিন অর্থ গড় বেতনে ছুটি পাওনা আছে মর্মে ছুটির প্রত্যয়ণ পত্র প্রেরণ করেন। উল্লেখ্য যে, চাকুরিতে নিয়োগ প্রাপ্তির তারিখ হতে অবসর গ্রহণের তারিখ পর্যন্ত তার মোট চাকুরিকাল ৩৪ বছর ০৮ মাস ২৯ দিন।

এমতাবস্থায় উক্ত পুলিশ পরিদর্শককে সরকারি চাকুরি আইন-২০১৮ এর ৪৩ (১) (ক) ধারা মোতাবেক আগামী ৩০/০৪/২০২৬খ্রিঃ তারিখ তার বয়স ৫৯ বছর পূর্তিতে বার্ষিক্যজনিত অবসর গ্রহণের আদেশ প্রদানসহ ১৯৫৯ সালের ছুটির বিধিমালায় অনুচ্ছেদ ৩(১) মোতাবেক তার পাওনা ০২ বছর ০৪ মাস ০৩ দিন গড় বেতন ছুটি থেকে ০১ বছর (০১/০৫/২০২৬খ্রিঃ তারিখ হতে ৩০/০৪/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত) অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরী প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-

(জি এম আজিজুর রহমান)

ডিআইজি (প্রশাসন ও অর্থ)

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

স্মারক নং/পেনশন ৪৪.০১.০০০০.০৮৪.১৩.০০৭.২৬-২৫৯/১ (০৫)

তারিখঃ ১৬/০৩/২০২৬খ্রিঃ।

জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

১. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২. এআইজি (হেলথ, ওয়েলফেয়ার অ্যান্ড পেনশন/ পিআইএমএস/আরএন্ডসিপি-২) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৩. বিশেষ পুলিশ সুপার (ভিআর) এসবি, ঢাকা
৪. বিশেষ পুলিশ সুপার (আইসিটি) এসবি, ঢাকা (এসবি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
৫. ইনচার্জ, রেশন স্টোর/টেকনিক্যাল শাখা/অস্ত্রাগার, এসবি, ঢাকা।
৬. পুলিশ পরিদর্শক জনাব মোঃ আনোয়ার হোসেন, ভিআর শাখা, এসবি, ঢাকা।
৭. আরও-১, আর ও ফোর্সসহ সকল আর ও, রিজার্ভ অফিস এসবি, ঢাকা।
৮. ইনচার্জ, আইবাস ++/পিআইএমএস শাখা, রিজার্ভ অফিস এসবি, ঢাকা।
৯. হিসাব রক্ষক, এসবি, ঢাকা।
১০. প্রতিনিধি, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ লিমিটেড, এসবি, ঢাকা।
১১. অফিস নথি।


১৬.৩.২০২৬

(মোহাম্মদ হায়াতুন নবী, বিপিএম-সেবা)

বিপি-৭৬০৫১০৩৩২৯

বিশেষ পুলিশ সুপার (প্রশাসন)

অ্যাডিশনাল ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত

পক্ষে/অ্যাডিশনাল আইজি

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

ফোন-৫৮৩১৬৮২১, ফ্যাক্স-৮৩১১১৩৪